**অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায়**

# মৌলিক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ মডিউল (নমুনা)

(২০২৫-২৬ অর্থবছর)

## ১. ভূমিকা

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর দেশের অনগ্রসর জনগোষ্ঠীকে (যেমন : চা-শ্রমিক, হিজড়া, বেদে এবং অন্যান্য পিছিয়ে পড়া সম্প্রদায়) শিক্ষা, চিকিৎসা, বাসস্থান ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণ এবং আর্থসামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে সমাজের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণে কাজ করে যাচ্ছে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ (National Social Security Strategy - NSSS) অনুযায়ী অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সমন্বিত নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আলোকে সমাজসেবা অধিদপ্তর অনগ্রসর জনগোষ্ঠীর জন্য ভাতা, উপবৃত্তিসহ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে দক্ষতা উন্নয়নভিত্তিক প্রশিক্ষণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যর্জনে সমাজসেবা অধিদপ্তর অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করেছে।

## ২. যৌক্তিকতা

সামাজিক ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া অনগ্রসর জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন এবং আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার জন্য বাজারভিত্তিক কারিগরি দক্ষতা অর্জন অপরিহার্য। নীতিমালা অনুযায়ী ৬০ দিনের মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ৭ দিনের মনোসামাজিক কাউন্সেলিং ও ৫ দিনের সঞ্জীবনী (refreshers) প্রশিক্ষণের উল্লেখ রয়েছে। তবে চলতি ২০২৫-২৬ অর্থবছরের জন্য জেলা প্রতি ২৫ জনের জন্য ১৫ দিনের প্রশিক্ষণের বাজেট বরাদ্দ পাওয়া গেছে। সেমতে নির্বাচিত ট্রেডে ১৫ দিনের মৌলিক প্রশিক্ষণ সংশ্লিষ্ট অনগ্রসর জনগোষ্ঠীর দক্ষতা অর্জনে সহায়ক ভূমিকা রাখবে।

## ৩. লক্ষ্য

অনগ্রসর জনগোষ্ঠীকে উপযুক্তভাবে দক্ষ, কর্মক্ষম এবং আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার মাধ্যমে তাদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও জীবনমান উন্নয়ন করা।

## ৪. সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ

- স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্বাচিত কারিগরি ট্রেডে মৌলিক প্রশিক্ষণ প্রদান;
- মনোসামাজিক কাউন্সেলিংয়ের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের দৃষ্টিভঙ্গি ও আচরণের ইতিবাচক পরিবর্তন ঘটানো;
- প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগের জন্য একটি 'ইচ্ছা তালিকা' (Wish list) তৈরি নিশ্চিত করা;
- প্রশিক্ষণোত্তর অনুদান বা ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা।

## ৫. প্রত্যাশিত ফল

- প্রশিক্ষণার্থীরা নির্দিষ্ট ট্রেডে প্রাথমিক দক্ষতা অর্জন করবেন;
- প্রশিক্ষণার্থীদের মধ্যে আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে এবং তারা স্বাবলম্বী হওয়ার পরিকল্পনা (ইচ্ছা তালিকা) তৈরি করতে সক্ষম হবেন;
- প্রশিক্ষণ শেষে প্রাপ্ত অনুদান (৫০,০০০ টাকা) ও ঋণের মাধ্যমে তারা সফলভাবে পুনর্বাসিত হতে পারবেন।

৬. **প্রশিক্ষণ ধাপ (৩টি ধাপ)**

- প্রথম ধাপ : মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (১২ দিন), এই ধাপে প্রশিক্ষণার্থীদের স্থানীয় চাহিদাভিত্তিক নির্দিষ্ট কোনো ট্রেডে মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণের এই পর্যায়ে প্রশিক্ষণার্থীরা অর্জিত জ্ঞান ভবিষ্যতে তাদের বাস্তব জীবনে কীভাবে কাজে লাগাবেন, সে বিষয়ে একটি 'ইচ্ছা তালিকা' (Wish list) প্রস্তুত করবেন।
- দ্বিতীয় ধাপ : মৌলিক প্রশিক্ষণ কোর্সের ১৩ ও ১৪তম দিনে মনোসামাজিক কাউন্সেলিং এবং সচেতনতা বৃদ্ধিমূলক সেশন পরিচালনা করতে হবে। এই ধাপের মূল লক্ষ্য হলো : প্রশিক্ষণার্থীদের দৃষ্টিভঙ্গি ও আচরণে ইতিবাচক পরিবর্তন আনা, এবং দৈনন্দিন জীবনে প্রশিক্ষণে শিক্ষার প্রয়োগ নিশ্চিত করা। এছাড়া, এই ধাপে প্রশিক্ষণার্থীদের অধিকার, প্রাপ্যতা এবং বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি সম্পর্কে বিস্তারিত অবহিত করতে হবে।
- তৃতীয় ধাপ : রিফ্রেশার্স ট্রেনিং ও ফলো-আপ (০১ দিন) প্রশিক্ষণ কোর্সের ১৫তম দিনে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীরা প্রথম ধাপে তৈরি করা তাদের 'ইচ্ছা তালিকা' অনুযায়ী প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান বাস্তব জীবনে কীভাবে প্রয়োগ করবেন-এ বিষয়ে আলোচনা করতে হবে।

৭. **প্রশিক্ষণ সূচি (মোট ১৫ দিন)**

প্রশিক্ষণ প্রদানকারী কর্তৃপক্ষকে স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্বাচিত প্রশিক্ষণ ট্রেডের আলোকে নিম্নবর্ণিত ছকে নির্দেশিত পদ্ধতি অনুসরণ করে পূর্ণাঙ্গ প্রশিক্ষণ সূচি প্রণয়ন করবেন:

| পর্যায় | প্রশিক্ষণের ধরন | সময়কাল | প্রধান কার্যক্রম ও আলোচ্য বিষয় |
|---|---|---|---|
| **১ম পর্যায়** | **মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ** | ১২ দিন (১ম-১২তম দিন) | প্রথমদিনে সংক্ষিপ্ত উদ্বোধনী সেশনের পরে স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্ধারিত ট্রেডে সেশনভিত্তিক মৌলিক প্রশিক্ষণ শুরু হবে। প্রশিক্ষণের এ পর্যায়ে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি 'ইচ্ছা তালিকা' তৈরি করবেন। |
| **২য় পর্যায়** | **মনোসামাজিক কাউন্সেলিং ও সচেতনতা** | ২ দিন (১৩তম-১৪তম দিন) | ব্যক্তিগত ও সামাজিক অধিকার সচেতনতা, আচরণগত পরিবর্তন এবং প্রাত্যহিক জীবনে প্রশিক্ষণের প্রয়োগ নিশ্চিতকরণ সংক্রান্ত সেশন প্রশিক্ষণ সূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। |
| **৩য় পর্যায়** | **রিফ্রেসার্স প্রশিক্ষণ ও ফলো-আপ** | ১ দিন (১৫তম দিন) | অর্জিত দক্ষতা মূল্যায়ন ও পর্যালোচনা এবং পরবর্তী বাস্তবায়ন কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ, সার্টিফিকেট বিতরণ ও সমাপনী সংক্রান্ত বিষয় প্রশিক্ষণসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। |

**৮. প্রশিক্ষণ রোডম্যাপ** (২০২৫-২০২৬ অর্থবছর)

এই প্রশিক্ষণ কার্যক্রম অর্থবছরের নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ নিম্নোক্ত রোডম্যাপ অনুসরণ করবেন:

**১৫ এপ্রিল - ২৫ এপ্রিল (প্রস্তুতি পর্ব):**

- উপজেলা/শহর কমিটি কর্তৃক প্রশিক্ষণার্থী বাছাই ও তালিকা চূড়ান্তকরণ;
- প্রশিক্ষণ মডিউল চূড়ান্তকরণ, রিসোর্স পারসন নির্ধারণ এবং কেন্দ্র প্রস্তুতকরণ।

**০১ মে - ৩১ মে (বাস্তবায়ন পর্ব):**

- ১৫ দিনের নিবিড় প্রশিক্ষণ পরিচালনা (মৌলিক ও কাউন্সেলিং);
- প্রশিক্ষণ চলাকালীন 'ইচ্ছা তালিকা' (Wish List) প্রস্তুত ও তদারকি;
- **সমাপনী ও পুনর্বাসন:**
- প্রশিক্ষণ সমাপ্তি সনদ বিতরণ;
- সফল প্রশিক্ষণার্থীদের অনুকূলে ৫০,০০০ টাকা অনুদান এবং ঋণ প্রদানের কার্যক্রম গ্রহণ;
- প্রশিক্ষণ প্রতিবেদন সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ।

**৯. প্রশিক্ষণ মডিউল**

**অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সমন্বিত নীতিমালা, ২০২৫**-এর আলোকে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর পেশাগত দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে স্থানীয়পর্যায়ে প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করতে হবে। প্রশিক্ষণ মডিউল প্রণয়নে কয়েকটি অত্যাবশ্যকীয় ধাপ অনুসরণ করতে হবে, যেমন-

- প্রশিক্ষণ চাহিদা যাচাইয়ের লক্ষ্যে জনগ্রসর জনগোষ্ঠীর সমন্বয়ে focus Group Discussion (FGD) অয়োজন করতে হবে। এফজিডিতে স্থানীয় সকল অনগ্রসর জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে;
- পদ্ধতিগতভাবে প্রশিক্ষণ চাহিদা যাচাই করতে হবে। এ ক্ষেত্রে **সংযোজনী-১** অনুসরণ করতে হবে;
- চাযাইকৃত প্রশিক্ষণ চাহিদারভিত্তিতে সকল অনগ্রসর জনগোষ্ঠীর নিকট গ্রহণযোগ্য ৩টি ট্রেডকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করতে হবে;
- সংক্ষিপ্ত তালিকা হতে স্থানীয় বাস্তবতা বিবেচনায় নিয়ে (রিসোর্স পারসন, প্রশিক্ষণ ভেন্যু ও প্রশিক্ষণ উপকরণ) একটি ট্রেডকে প্রশিক্ষণ প্রদানের জন্য নির্ধারণ করতে হবে;
- নির্ধারণ ট্রেডে অংশগ্রহণকারীদের দক্ষতাস্তর যাচাইয়ের জন্য প্রশিক্ষণ মডিউলে প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন ও প্রশিক্ষণোত্তর মূল্যায়ন অন্তর্ভুক্ত করতে হবে;
- নির্ধারণ ট্রেডের আলোকে চূড়ান্ত প্রশিক্ষণ মডিউল প্রণয়ন ও চূড়ান্ত করতে হবে।

**৯.১ কারিগরি ও কর্মমুখী মডিউলসমূহ (সম্ভাব্য):**

- **হেয়ার কাটিং ও বিউটিফিকেশন:** চুল কাটা এবং সৌন্দর্যচর্চা বিষয়ক প্রশিক্ষণ;
- **পরিবহন ও মেকানিক্স:** বেসিক ড্রাইভিং, অটোমোবাইল ও কার সার্ভিসিং;
- **ইলেকট্রনিক্স ও মেরামত:** মোবাইল সার্ভিসিং, টিভি, ফ্রিজ, এসি ইত্যাদি মেরামত এবং ইলেকট্রিক্যাল ওয়্যারিং এন্ড রিপেয়ারিং;
- **তথ্যপ্রযুক্তি:** বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশন;
- **পোশাক শিল্প:** ড্রেস মেকিং এন্ড টেইলরিং;
- **কৃষি ও খামার ব্যবস্থাপনা:** হর্টিকালচার, পশুপালন, পোল্ট্রি, মৎস্য চাষ, মৌমাছি ও মাশরুম চাষ;
- **খাদ্য শিল্প:** খাদ্য প্রক্রিয়াজাতকরণ;
- **সেবামূলক ট্রেড:** কেয়ার গিভিং এবং সিকিউরিটি গার্ড প্রশিক্ষণ;
- **কুটির শিল্প:** ব্লক-বাটিক, হস্তশিল্প, কারচুপি, হ্যান্ড ও গ্লাস পেইন্টিং এবং বাঁশ-বেতের কাজ;
- **অন্যান্য:** স্থানীয় চাহিদার ভিত্তিতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য যেকোনো ট্রেড।

**১০.০ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ**

প্রশিক্ষণ মডিউলসমূহ এমনভাবে সাজাতে হবে, যাতে অনগ্রসর জনগোষ্ঠীর একজন প্রশিক্ষণার্থী ১৫ দিনে মৌলিক দক্ষতা অর্জনের মাধ্যমে উপার্জনের পথে ধাবিত হতে পারে। প্রশিক্ষণ মডিউল ও সূচি চূড়ান্ত করতে নিম্নবর্ণিত সেশন পরিকল্পনা নমুনা (Sample) হিসেবে অনুসরণ করা যেতে পারে।

**১১.১ ট্রেড: বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশন**

- **প্রশিক্ষণ উপকরণ:** কম্পিউটার/ল্যাপটপ, প্রোজেক্টর, ইন্টারনেট সংযোগ, হ্যান্ডআউট;
- **পদ্ধতি:** লেকচার (২০%), হাতে-কলমে প্র্যাকটিস (৮০%)।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৪ | কম্পিউটার হার্ডওয়্যার পরিচিতি | উইন্ডোজ ও ফাইল ম্যানেজমেন্ট | টাইপিং প্র্যাকটিস (বাংলা ও ইংরেজি) |
| ৫-৮ | এমএস ওয়ার্ড (ডকুমেন্ট তৈরি) | এমএস এক্সেল (হিসাব নিকাশ) | এমএস পাওয়ার পয়েন্ট (প্রেজেন্টেশন) |
| ৯-১২ | ইন্টারনেট ও ই-মেইল ব্যবহার | অনলাইন ফরম পূরণ ও আউটসোর্সিং | ই-গভর্নমেন্ট সার্ভিস ও তথ্য বাতায়ন |
| ১৩-১৪ | কম্পিউটার নিরাপত্তা ও ট্রাবলশুটিং | গ্রাফিক ডিজাইন (বেসিক) | ফ্রিল্যান্সিং ও অনলাইন ক্যারিয়ার |

**১১.২ ট্রেড: ড্রেস মেকিং এন্ড টেইলরিং**

- **প্রশিক্ষণ উপকরণ:** সেলাই মেশিন, কাপড়, কাঁচি, ফিতা, চক, সুঁই-সুতা;
- **পদ্ধতি:** প্রদর্শনী ও নিবিড় ব্যবহারিক অনুশীলন।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৪ | মেশিনের যত্ন ও সুতা লাগানো | শরীরের মাপ নেওয়ার নিয়ম | কাপড়ে কাটিং ও ড্রয়িং বেসিক |
| ৫-৮ | পেটিকোট ও সায়োর কাটিং ও সেলাই | কামিজের ডিজাইন ও কাটিং | কামিজ সেলাই ও ফিনিশিং |

| | | | |
|---|---|---|---|
| ৯-১২ | প্যান্ট ও পাজামা তৈরি | শিশুদের পোশাক (ফ্রক/নিমা) | ব্লাউজ ও মেক্সি তৈরি |
| ১৩-১৪ | বোতাম ও চেইন লাগানো | ফিনিশিং ও ইস্ত্রি করা | পোশাকের বিপণন ও কাস্টমার ডিলিং |

### ১১.৩ ট্রেড: বেসিক ড্রাইভিং (অটোমোবাইল ও কার সার্ভিসিংসহ)

- **প্রশিক্ষণ উপকরণ:** হালকা যান (কার), ইঞ্জিন মডেল, ট্রাফিক সাইন বোর্ড, টুলস বক্স;
- **পদ্ধতি:** মাঠে ড্রাইভ অনুশীলন ও মেকানিক্যাল ডেমো।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৪ | স্টিয়ারিং ও গিয়ার পরিচিতি | ট্রাফিক সিগন্যাল ও আইন | ইঞ্জিন অয়েল ও পানি চেক করা |
| ৫-১০ | ড্রাইভ প্র্যাকটিস (সোজা ও বাঁক) | রিভার্স ও পার্কিং কৌশল | হাইওয়ে ও সিটি ড্রাইভিং নিয়ম |
| ১১-১৩ | টায়ার পরিবর্তন ও ব্রেক চেক | ছোটখাটো যান্ত্রিক ত্রুটি মেরামত | ব্যাটারি ও ইলেকট্রিক লাইন চেক |
| ১৪ | লাইসেন্স প্রাপ্তি ও রোড সেফটি | গাড়ির পরিষ্কার-পরিচ্ছন্নতা | কাস্টমার সার্ভিস ও শিষ্টাচার |

### ১১.৪ ট্রেড: বিউটিফিকেশন ও হেয়ার কাটিং

- **প্রশিক্ষণ উপকরণ:** মেকআপ কিট, হেয়ার ড্রায়ার, কাঁচি, চিরুনি, বিভিন্ন ক্রিম;
- **পদ্ধতি:** ডেমোস্ট্রেশন ও একে অপরের ওপর অনুশীলন।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৫ | থ্রেডিং ও আইব্রো প্লাক | ফেসিয়াল ও স্কিন কেয়ার | ম্যানিকিউর ও প্যাডিকিউর |
| ৬-৯ | হেয়ার কাটিং (বিভিন্ন স্টাইল) | হেয়ার সেটিং ও স্পা | মেকআপ (পার্টি ও ব্রাইডাল) |
| ১০-১৩ | মেহেদি ডিজাইন ও নেইল আর্ট | রূপচর্চায় হার্বাল উপকরণের ব্যবহার | পার্লারের হাইজিন ও টুলস পরিষ্কার |
| ১৪ | পার্লার ম্যানেজমেন্ট ও কস্টিং | গ্রাহক সেবা ও বিপণন | ট্রেড লাইসেন্স ও ব্যবসা শুরু |

### ১১.৫ ট্রেড: কৃষি (হর্টিকালচার, পশুপালন, পোল্ট্রি, মৎস্য ও মাশরুম)

- **প্রশিক্ষণ উপকরণ:** বীজ, সার, কীটনাশক স্প্রেয়ার, একুয়োরিয়াম/ট্যাঙ্ক মডেল, মাশরুম স্পন;
- **পদ্ধতি:** খামার পরিদশন ও মাঠ পর্যায়ে হাতে-কলমে শিক্ষা।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৪ | হটিকালচার ও নার্সারি ব্যবস্থাপনা | মাশরুম চাষ পদ্ধতি | ছাদ বাগান ও জৈব সার তৈরি |
| ৫-৮ | পশুপালন (গরু/ছাগল মোটাতাজাকরণ) | পোল্ট্রি ফার্মিং ও রোগ প্রতিরোধ | পশুর খাদ্য ও বাসস্থান ব্যবস্থাপনা |
| ৯-১২ | মৎস্য চাষ (পুকুর ও বায়োফ্লক) | মৌমাছি চাষ ও মধু সংগ্রহ | মাছের খাবার ও পানির মান রক্ষা |
| ১৩-১৪ | কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ | উৎপাদিত পণ্য সংরক্ষণ ও বাজারজাত | সরকারি লোন ও ভর্তুকি সুবিধা |

**১১.৬ ট্রেড: ইলেকট্রিক্যাল ওয়ারিং, মোবাইল ও ইলেকট্রনিক্স মেরামত**

- **প্রশিক্ষণ উপকরণ:** মাল্টিমিটার, সোল্ডারিং আয়রন, ওয়ারিং তার, বোর্ড, নষ্ট মোবাইল/টিভি/ফ্রিজ;
- **পদ্ধতি:** ডায়াগ্রাম দেখে সার্কিট তৈরি ও মেরামত।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৫ | হাউজ ওয়ারিং ও সার্কিট ব্রেকার | ফ্যান ও আয়রন মেরামত | ইলেকট্রিক সেফটি ও আর্থিং |
| ৬-৯ | মোবাইল হার্ডওয়্যার ও সফটওয়্যার | ডিসপ্লে ও ব্যাটারি পরিবর্তন | ট্রাবলশুটিং ও সার্ভিসিং |
| ১০-১৩ | টিভি, ফ্রিজ ও এসি বেসিক মেকানিজম | রেফ্রিজারেন্ট গ্যাস রিফিল | ইলেকট্রনিক্স কম্পোনেন্ট সোল্ডারিং |
| ১৪ | কস্টিং ও স্পেয়ার পার্টস কেনা | দোকান ব্যবস্থাপনা | কাস্টমার ওয়ারেন্টি ও সার্ভিস কার্ড |

**১১.৭ ট্রেড: কুটির শিল্প (ব্লক-বাটিক, কারচুপি, বাঁশবেত ও হ্যান্ড পেইন্টিং)**

- **প্রশিক্ষণ উপকরণ:** ডাইস, রং, রাসায়নিক দ্রব্য, বাঁশ-বেত কাটার সরঞ্জাম, ফ্রেম;
- **পদ্ধতি:** ডিজাইন ড্রয়িং ও বাস্তব উৎপাদন।

| দিন | সেশন ১ (বিষয়) | সেশন ২ (বিষয়) | সেশন ৩ (বিষয়) |
|---|---|---|---|
| ২-৫ | ব্লক ও বাটিক প্রিন্টিং (টাই-ডাই) | রং মিশ্রণ ও ফিক্সিং পদ্ধতি | ফেব্রিক ও গ্লাস পেইন্টিং |
| ৬-৯ | কারচুপি ও হাতের কাজ (এমব্রয়ডারি) | পুতির কাজ ও গয়না তৈরি | শোপিস ও ঘর সাজানোর সামগ্রী |
| ১০-১৩ | বাঁশ ও বেতের আসবাব তৈরি | বাঁশের ঝুড়ি ও কুলা তৈরি | নকশা ও ফিনিশিং |
| ১৪ | ই-কমার্স ও অনলাইন বিপণন | পণ্য প্রদর্শন ও প্রদর্শনী | ক্ষুদ্র উদ্যোক্তা হওয়া ও ঋণ প্রাপ্তি |

**১২.০ প্রশিক্ষণার্থী নির্বাচনের মানদন্ড:**

- **অনগ্রসর জনগোষ্ঠীর সদস্য:** আবেদনকারীকে অবশ্যই সরকার নির্ধারিত অনগ্রসর জনগোষ্ঠীর (যেমন: হিজড়া, বেদে, চা-শ্রমিক অথবা নীতিমালার ৩(৮) উপ-অনুচ্ছেদে উল্লিখিত নির্দিষ্ট সম্প্রদায়) সদস্য হতে হবে;
- **বয়স সীমা:** প্রশিক্ষণের জন্য কেবল **১৮ বছরের উর্ধ্বে** কর্মক্ষম ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করতে হবে;
- **কর্মক্ষমতা ও আগ্রহ:** আবেদনকারীকে অবশ্যই **কর্মক্ষম** হতে হবে। যারা প্রশিক্ষণ গ্রহণ করে বাস্তব জীবনে কাজে লাগাতে আগ্রহী, তাদের নির্বাচন প্রক্রিয়ায় গুরুত্ব প্রদান করতে হবে।
- **স্থায়ী বাসিন্দা:** প্রশিক্ষণার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট এলাকার (জেলা, উপজেলা, পৌরসভা বা সিটি কর্পোরেশন) **স্থায়ী বাসিন্দা** হতে হবে;
- **দারিদ্র্য ও আর্থ-সামাজিক অবস্থা (PMT স্কোর):** সমাজসেবা অধিদপ্তরের MIS-এর মাধ্যমে আবেদনকারীদের দারিদ্র্য সংক্রান্ত **PMT (Proxy Means Test) স্কোর** যাচাই করা হয়। যারা আর্থ-সামাজিক দিক থেকে বেশি পিছিয়ে আছেন, তারা অগ্রাধিকার পাবেন;
- **নারী ও নির্ভরশীল সদস্য:** আবেদনকারী যদি **নারী** হন অথবা তার পরিবারের নির্ভরশীল সদস্য সংখ্যা যদি বেশি থাকে, তবে তাকে বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে;

- **কমিটির সুপারিশ:** স্থানীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ ইউনিয়ন কমিটি বা সংশ্লিষ্ট শহর সমাজসেবা কমিটি যাচাই-বাছাই করে একটি **যোগ্য তালিকা** প্রস্তুত করবে, যা উপজেলা বা সিটি কর্পোরেশন বাস্তবায়ন কমিটি চূড়ান্ত করবে।

**১৩.০ প্রশিক্ষণ বাজেট বিভাজন:**

অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী প্রশিক্ষণের জন্য নিম্নোক্ত খাতে ৬৪টি জেলার জন্য **১৭১৫৫০০** টাকা হারে সর্বমোট **১০,৯৮,০০০০০ (দশ কোটি আটানব্বই লক্ষ) টাকা** বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে:

- **প্রশিক্ষণ ভাতা:** প্রতিটি জেলা কার্যালয়ে ২৫ প্রশিক্ষণার্থীর জন্য ৫০০/- টাকা হারে ১৫ দিনের জন্য মোট ১,৮৭,৫০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে;
- **প্রশিক্ষক সম্মানী:** প্রতিদিন ৩ জন প্রশিক্ষকের জন্য ২,০০০/- টাকা হারে ১৫ দিনের জন্য ভেন্যুপ্রতি মোট ৯০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে;
- **ভেন্যু ও আনুষঙ্গিক:** ৬৪ জেলার জন্য প্রশিক্ষণ উপকরণ, ভেন্যু ভাড়া এবং আপ্যায়নের জন্য ১৩৫০০০ টাকা হারে ৮৬,৪৮,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তবে বিভাগীয় জেলাসমূহকে অতিরিক্ত ১০০০টা বরাদ্দ প্রদান করা হয়েছে;
- **প্রশিক্ষণোত্তর সহায়তা:** প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তি শেষে প্রশিক্ষণার্থীদের এককালীন সহায়তা প্রদানের জন্য জনপ্রতি ৫০,০০০/- টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে।

**১৩.১ কোর্স পরিচালক ও সমন্বয়ক, প্রশিক্ষক এবং সাপোর্ট স্টাফ সম্মানী:**

অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের ১৫ দিনব্যাপী প্রশিক্ষণ বাস্তবায়নে কোর্স পরিচালক, কোর্স সমন্বায়ক ও সাপোর্ট স্টাফদের জন্য নিম্নরূপ সম্মানী নির্ধারণ করা হয়েছে:

- **কোর্স পরিচালকের সম্মানী:** প্রতিদিন **১,৫০০/- টাকা** হারে ১৫ দিনের জন্য মোট ২২,৫০০/- টাকা;
- **কোর্স সমন্বয়কের সম্মানী:** প্রতিদিন **১,২০০/- টাকা** হারে ১৫ দিনের জন্য মোট ১৮,০০০/- টাকা;
- **সাপোর্ট স্টাফদের সম্মানী:** প্রতিদিন **৫০০/- টাকা** হারে ১৫ দিনের জন্য মোট ৭,৫০০/- টাকা।

**১৪.০ ইচ্ছা তালিকা বা Wish list প্রণয়ন**

অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় পরিচালিত প্রশিক্ষণে **'ইচ্ছা তালিকা' বা 'Wish list'** প্রশিক্ষণার্থী কর্তৃক প্রনয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অনুষঙ্গ। ইচ্ছা তালিকা হলো একজন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণোত্তর জীবন উন্নয়নের একটি **প্রতিশ্রুতি ও বাস্তবায়ন দলিল,** যা তাকে টেকসই স্বাবলম্বিতার দিকে এগিয়ে নিয়ে যাবে। ইচ্ছা তালিকা বাস্তবায়নে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

- **ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন:** ১৫ দিনের মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীরা অর্জিত জ্ঞান তাদের বাস্তব জীবনে কীভাবে প্রয়োগ করবেন বা কাজে লাগাবেন, সে বিষয়ে একটি সুনির্দিষ্ট **রোডম্যাপ বা ইচ্ছা তালিকা** তৈরি করবেন। এ কাজটি তাদের প্রশিক্ষণের উদ্দেশ্যকে অর্থবহ করে তুলবে।

- **অগ্রগতি ও প্রয়োগযোগ্যতা যাচাই:** প্রশিক্ষণের শেষ দিনে রিফ্রেশার্স প্রশিক্ষণে এই ইচ্ছা তালিকার ওপর ভিত্তি করেই ফলো-আপ করা হবে। সংশ্লিষ্ট প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের ইচ্ছা তালিকার প্রয়োগযোগ্যতা যাচাই করবেন।
- **সচেতনতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি:** যদি কোনো প্রশিক্ষণার্থী তার ইচ্ছা তালিকা অনুযায়ী লক্ষ্য অর্জনে দ্বিধান্বিত থাকেন বা কীভাবে অর্জিত দক্ষতা প্রয়োগ করবেন, তা বুঝতে না পারেন, তবে প্রশিক্ষক তার কারণ খুঁজে বের করেন এবং আত্মবিশ্বাস বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
- **আচরণ ও দৃষ্টিভঙ্গি পরিবর্তন:** প্রশিক্ষণের শিখনকে কেবল তাত্ত্বিক পর্যায়ে না রেখে দৈনন্দিন জীবনে প্রয়োগের মাধ্যমে তাদের দৃষ্টিভঙ্গি ও আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করতে হবে।
- **আর্থিক সহায়তা ও অনুদান প্রাপ্তি:** প্রশিক্ষণার্থীদের **এককালীন ৫০,০০০/- টাকা** আর্থিক সহায়তা এবং ক্ষুদ্রঋণ প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে ইচ্ছা তালিকার অগ্রগতি এবং প্রশিক্ষণোত্তর মূল্যায়ন একটি অন্যতম মানদন্ড হিসেবে বিবেচিত হবে।
- **ডাটাবেইজ সংরক্ষণ:** স্থানীয়ভাবে প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ (এক্সেল শীটে) প্রস্তুত করতে হবে এবং প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীর যাবতীয় তথ্য ডাটাবেইজে সংরক্ষণ করতে হবে।
- **মনিটরিং ও রিপোর্টিং:** প্রাপ্ত প্রশিক্ষণ ও **এককালীন ৫০,০০০/- টাকা** আর্থিক সহায়তার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ কী উদ্যোগ বাস্তবায়ন করলেন, তা মনিটরিংপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালক একটি প্রতিবেদন পরবর্তী ৩ (তিন) মাস পর নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা সমাজসেবা কার্যালয়**
**ওয়েব এড্রেস:**

## অনগ্রসর জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ চাহিদা যাচাই প্রশ্নমালা

**১. সাধারণ তথ্য:**

- **আবেদনকারীর নাম:** ........................................................................
- **পিতা/স্বামীর নাম:** ........................................................................
- **সম্প্রদায়ের নাম (যেমন: হিজড়া/বেদে/হরিজন/চা-শ্রমিক/অন্যান্য):** .........................
- **লিঙ্গ:** পুরুষ / মহিলা / হিজড়া
- **বয়স (১৮ বছরের উর্ধ্বে হতে হবে):** ..........................................
- **ঠিকানা:** গ্রাম: .......................... ইউনিয়ন/ওয়ার্ড: .......................... উপজেলা/শহর: .......................... জেলা: ..........................
- **শিক্ষাগত যোগ্যতা:** ........................................................................
- **বর্তমান পেশা (যদি থাকে):** ..............................................................

**২. দক্ষতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:**

- **আপনার কি আগে থেকে কোনো বিষয়ে কারিগরি বা বৃত্তিমূলক কাজ জানা আছে?**
  - হ্যাঁ (বিষয় উল্লেখ করুন: .........................)
  - না
- **আপনি কি ইতিপূর্বে সমাজসেবা অধিদপ্তর বা অন্য কোনো সংস্থা থেকে প্রশিক্ষণ নিয়েছেন?**
  - হ্যাঁ (কবে এবং কি বিষয়ে: .........................)
  - না

**৩. প্রশিক্ষণ চাহিদা ও আগ্রহ (নীতিমালা অনুযায়ী সম্ভাব্য ট্রেডসমূহ):**

**নিচের তালিকা থেকে আপনার পছন্দের ৩টি ট্রেডে ১, ২ ও ৩ লিখে পছন্দক্রম নির্ধারণ করুন:**

- ( ) হেয়ার কাটিং (Hair cutting)
- ( ) বিউটিফিকেশন (Beautification)
- ( ) বেসিক ড্রাইভিং (Basic Driving)
- ( ) অটোমোবাইল ও কার সার্ভিসিং
- ( ) মোবাইল, টিভি, ফ্রিজ বা এসি মেরামত
- ( ) ইলেকট্রিক্যাল ওয়্যারিং এন্ড রিপেয়ারিং
- ( ) কম্পিউটার অ্যাপ্লিকেশন (Basic Computer)
- ( ) ড্রেস মেকিং এন্ড টেইলরিং (দর্জি বিজ্ঞান)
- ( ) কৃষি (হর্টিকালচার/পশুপালন/পোল্ট্রি/মৎস্য/মৌ-চাষ/মাশরুম)
- ( ) খাদ্য প্রক্রিয়াজাতকরণ (Food processing)
- ( ) হস্তশিল্প/কুটির শিল্প (ব্লক-বাটিক/বাঁশ-বেত/কারচুপি)
- ( ) কেয়ার গিভিং (Care giving)
- ( ) সিকিউরিটি গার্ড (Security Guard)

- ( ) অন্যান্য (স্থানীয় চাহিদার ভিত্তিতে আপনার পছন্দের ট্রেডের নাম লিখুন): ......................................................

**৪. প্রশিক্ষণ পরবর্তী পরিকল্পনা:**

- **প্রশিক্ষণ শেষে আপনি কি করতে চান?**
    - নিজের উদ্যোগে ব্যবসা শুরু করা
    - অন্যের অধীনে চাকরি করা
    - পারিবারিকভাবে কাজ করা
- **প্রশিক্ষণ শেষে আপনার কি কোনো ঋণ বা আর্থিক সহায়তার প্রয়োজন হবে?**
    - হ্যাঁ
    - না

**৬. অঙ্গীকারনামা:**

আমি অঙ্গীকার করছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ সত্য। প্রশিক্ষণ কোর্সের জন্য মনোনীত হলে আমি নিয়মিত ১৫ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণ করব এবং প্রশিক্ষণকালীন সকল নিয়ম মেনে চলব।

**আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ:** ...........................................

**অফিস ব্যবহারের জন্য (নির্দেশনা):**

- নীতিমালা অনুযায়ী ১৮ বছরের উর্ধ্বে অনগ্রসর জনগোষ্ঠীর কর্মক্ষম সদস্যরা এই প্রশিক্ষণের আওতায় আসবে;
- এই প্রশ্নমালার প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে যে বিষয়ে সবচেয়ে বেশি আবেদনকারী আগ্রহ প্রকাশ করবেন, সেই ট্রেডটিকে ওই জেলার প্রশিক্ষণের জন্য চূড়ান্ত করতে হবে;
- প্রশিক্ষণ শেষে সফল প্রশিক্ষণার্থীদের নীতিমালা অনুযায়ী আর্থিক সহায়তা প্রদান করতে হবে ও ঋণ সহায়তার জন্য সুপারিশ করা যাবে।

চাহিদা যাচাইকারীর স্বাক্ষর    সমাজসেবা অফিসারের স্বাক্ষর    সহকারী পরিচালকের স্বাক্ষর    উপপরিচালকের স্বাক্ষর

সংযোজনী -২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা সমাজসেবা কার্যালয়**
**ওয়েব এড্রেস:**

**প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন প্রশ্নমালা (Pre-training Evaluation)**

**প্রশিক্ষণের বিষয়:** [ট্রেডের নাম]

**প্রশিক্ষণার্থীর নাম:** ............................................................

**পিতা/স্বামীর নাম:** ............................................................

(এই মূল্যায়নের মূল উদ্দেশ্য হলো প্রশিক্ষণের শুরুতে আপনার বর্তমান দক্ষতা ও আগ্রহের স্তর যাচাই করা।)

**প্রশ্নসমূহ:**

১. নির্বাচিত ট্রেডটি (ট্রেডের নাম লিখতে হবে) সম্পর্কে আপনার কি কোনো ধারণা বা দক্ষতা আছে? (ক) হ্যাঁ (খ) না

২. ১ নং প্রশ্নের উত্তর হ্যাঁ হলে ৫টি বিশেষ দক্ষতার উল্লেখ করুন।

(১)

(২)

(৩)

(৪)

(৫)

৩. যদি দক্ষতা থেকে থাকে, তবে আপনি বর্তমানে এই দক্ষতা কাজে লাগিয়ে মাসে কত টাকা আয় করেন?

উত্তর: ............................................................

৪. আপনি কেন এই প্রশিক্ষণটি গ্রহণ করতে আগ্রহী?

(ক) নতুন কিছু শিখতে (খ) আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে (গ) সরকারি অনুদান পেতে (ঘ) অন্য কোনো কারণ (উল্লেখ করুন): ..........................

৫. আপনি কি মনে করেন ১৫ দিনের এই প্রশিক্ষণ আপনার জীবনমান উন্নয়নে সহায়ক হবে? (ক) হ্যাঁ (খ) না

৬. এই প্রশিক্ষণের মাধ্যমে আপনি নির্দিষ্ট কোন বিষয়টি সবচেয়ে বেশি শিখতে চান?

উত্তর: ............................................................

**সংযোজনী -৩**

**প্রশিক্ষণোত্তর মূল্যায়ন প্রশ্নমালা (Post-training Evaluation)**

**প্রশিক্ষণের বিষয়:** [ট্রেডের নাম]

**প্রশিক্ষণার্থীর নাম:** ...........................................................

**পিতা/স্বামীর নাম:** ...........................................................

(এই মূল্যায়নের উদ্দেশ্য হলো প্রশিক্ষণ শেষে আপনার অর্জিত দক্ষতা, দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা যাচাই করা।)

**প্রশ্নসমূহ:**

১. নির্বাচিত ট্রেড (ট্রেডের নাম লিখতে হবে) বিষয়ে আপনি কি কিছু শিখতে বা কোনো দক্ষতা অর্জন করতে পেরেছেন? (ক) হ্যাঁ (খ) না

২. ১ নং প্রশ্নের উত্তর হ্যাঁ হলে ৫টি বিশেষ দক্ষতার উল্লেখ করুন।

(১)

(২)

(৩)

(৪)

(৫)

৩. প্রশিক্ষণের পর আপনি কি নির্বাচিত ট্রেডে কাজ করার জন্য নিজেকে দক্ষ মনে করছেন? (ক) পুরোপুরি দক্ষ (খ) আংশিক দক্ষ (গ) এখনো শিখতে হবে

৪. আপনি কি মনে করেন ১৫ দিনের এই প্রশিক্ষণ আপনার জীবনমান উন্নয়নে সহায়ক হবে? (ক) হ্যাঁ (খ) না

৫. প্রশিক্ষণ শেষে অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে আপনি মাসে কত টাকা আয় করতে পারবেন?

উত্তর: ...........................................................

৬. প্রশিক্ষণ চলাকালীন তৈরিকৃত আপনার 'ইচ্ছা তালিকা' (Wish List) অনুযায়ী আপনি কি কর্মপরিকল্পনা সাজিয়েছেন? (ক) হ্যাঁ (খ) না

৭. প্রশিক্ষণের দ্বিতীয় ধাপে অনুষ্ঠিত 'মনোসোাজিক কাউন্সেলিং' আপনার আত্মবিশ্বাস বৃদ্ধিতে কতটা সহায়ক হয়েছে? (ক) খুব বেশি (খ) মোটামুটি (গ) সামান্য

৮. প্রশিক্ষণোত্তর যে ৫০,০০০/- টাকা আর্থিক অনুদান প্রদান করা হবে, তা আপনি কীভাবে ব্যবহারের পরিকল্পনা করবেন? (ক) ব্যবসার মূলধন হিসেবে (খ) যন্ত্রপাতি ক্রয় (গ) পারিবারিক কাজে (ঘ) অন্য কিছু:

...........................................................

৯. প্রশিক্ষণের পরিবেশ এবং প্রশিক্ষকদের পাঠদান পদ্ধতি সম্পর্কে আপনার মতামত কী? (ক) চমৎকার (খ) ভালো (গ) আরও উন্নত করা প্রয়োজন

১০. ভবিষ্যতে আপনি কি নিজেকে একজন সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে পারবেন বলে বিশ্বাস করেন? (ক) হ্যাঁ (খ) না

**প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ:** ..........................................................

**মূল্যায়নকারী কর্মকর্তার মন্তব্য ও স্বাক্ষর:** ..........................................................

**সংযোজনী -৪**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা সমাজসেবা কার্যালয়,**
**[জেলার নাম]**
**www.dss.[জেলা].gov.bd**

স্মারক নম্বর: ....................... তারিখ: .......................

**বিষয়: অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন।**

সূত্র:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে জেলা সমাজসেবা কার্যালয়,…… উদ্যোগে ১৫ দিনব্যাপী 'মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ' আয়োজন করা হয়েছে। বর্ণিত প্রশিক্ষণটি আগামী [শুরুর তারিখ] হতে [শেষের তারিখ] পর্যন্ত প্রতিদিন সকাল ৯:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত [প্রশিক্ষণ কেন্দ্রের নাম]-এ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত নিম্ন বর্ণিত প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণের অনুরোধ করা হলো:

| ক্রমিক | প্রশিক্ষণার্থীর নাম | পিতা ও মাতার নাম | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|---|---|
| ০১ | [নাম] | পিতা: [নাম], মাতা: [নাম] | [গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা] | |
| ০২ | [নাম] | পিতা: [নাম], মাতা: [নাম] | গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা] | |
| … | … | … | … | |
| ২৫ | [নাম] | পিতা: [নাম], মাতা: [নাম] | গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা] | |

**প্রশিক্ষণের শর্তাবলি:**

১. প্রশিক্ষণার্থীদের প্রতিদিন যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

২. প্রশিক্ষণ চলাকালীন দৈনিক ৫০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৩. প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তি এবং 'ইচ্ছা তালিকা' (Wish List) বাস্তবায়নকল্পে এককালীন ৫০,০০০/- টাকা আর্থিক অনুদান প্রদান করা হবে।

(স্বাক্ষরিত)

**উপপরিচালক**
জেলা সমাজসেবা কার্যালয়,
[জেলার নাম]

সংযোজনী -৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়,
[জেলার নাম]
www.dss.[জেলা].gov.bd

প্রশিক্ষণের বিষয়: অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।

## প্রশিক্ষণার্থীদের হাজিরা শীট

| ক্রমিক | প্রশিক্ষণার্থীর নাম | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | | | | | | | | | | | | | | | | |
| ০২ | | | | | | | | | | | | | | | | |
| ... | | | | | | | | | | | | | | | | |

**সংযোজনী -৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়,
[জেলার নাম]
www.dss.[জেলা].gov.bd

প্রশিক্ষণের বিষয়: অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।

## দৈনিক প্রশিক্ষণ ভাতা বিবরণ শীট

| ক্রমিক | প্রশিক্ষণার্থীর নাম | উপস্থিতির দিন | মোট ভাতার পরিমাণ (দিন × ৫০০/-) | রাজস্ব স্ট্যাম্প | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |
| ০২ | | | | | |
| ... | | | | | |
| মোট | | | | | |

**সংযোজনী -৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়,
[জেলার নাম]
www.dss.[জেলা].gov.bd

**প্রশিক্ষণের বিষয়: অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।**

## প্রশিক্ষণোত্তর এককালীন আর্থিক অনুদান শীট

| ক্রমিক | প্রশিক্ষণার্থীর নাম | পিতা ও মাতার নাম | ট্রেডের নাম | অনুদানের পরিমাণ (টাকা) | ব্যাংক হিসাব নম্বর | স্বাক্ষর (রাজস্ব স্ট্যাম্পসহ) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | | | | ৫০,০০০/- | | |
| ০২ | | | | ৫০,০০০/- | | |
| ... | | | | ৫০,০০০/- | | |
| মোট | | | | [মোট টাকা] | | |

**সত্যায়ন:** প্রশিক্ষণার্থীদের অর্জিত দক্ষতা এবং তাদের নিজ নিজ 'ইচ্ছা তালিকা' (Wish List) যাচাইপূর্বক এই অনুদান প্রদানের সুপারিশ করা হলো।

কোর্স সমন্বয়কের স্বাক্ষর ও তারিখ

(স্বাক্ষরিত)

**উপপরিচালক**
জেলা সমাজসেবা কার্যালয়,
[জেলার নাম]

সংযোজনী -৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা সমাজসেবা কার্যালয়,**
**[জেলার নাম]**
**www.dss.[জেলা].gov.bd**

**স্মারক নম্বর:** ...................... **তারিখ:** ......................

**বিষয়: অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় ১৫ দিনব্যাপী 'মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ' আয়োজন সংক্রান্ত প্রতিবেদন।**

**১. প্রারম্ভিক কথা:** অনগ্রসর জনগোষ্ঠীর (যেমন: বেদে, হিজড়া, চা-শ্রমিক ও অন্যান্য পিছিয়ে পড়া সম্প্রদায়) দারিদ্র্য বিমোচন ও তাদের মূলস্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে জেলা সমাজসেবা কার্যালয়,...... উদ্যোগে 'মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ' আয়োজন করা হয়। [জেলার নাম] জেলায় নির্বাচিত ২৫ জন প্রশিক্ষণার্থীর জন্য নিবিড় মৌলিক প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে সম্পন্ন হয়েছে।

**২. প্রশিক্ষণের বিষয় ও ব্যাপ্তি:**

- **বিষয় (ট্রেড):** [স্থানীয়ভাবে নির্ধারিত ট্রেডের নাম লিখতে হবে]।
- **ব্যাপ্তি:** মোট ১৫ দিন। প্রশিক্ষণটি তিনটি ধাপের সমন্বয়ে আয়োজন করা হয়— প্রথম ১ থেকে ১২তম দিন মৌলিক মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ১৩ ও ১৪তম দিন মনোসামাজিক কাউন্সেলিং এবং ১৫তম দিনে রিফ্রেসার্স ও ফলো-আপ।

**৩. অংশগ্রহণকারী জনগোষ্ঠী ও প্রশিক্ষণার্থী নির্বাচন পদ্ধতি:** প্রশিক্ষণে স্থানীয় অনগ্রসর জনগোষ্ঠীর ১৮ বছরের উর্ধ্বের কর্মক্ষম সদস্যগণ অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণার্থী নির্বাচনে প্রথমে ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD)-এর মাধ্যমে স্থানীয় চাহিদাপত্র তৈরি করা হয়েছে [**এফজিডি আয়োজন সংক্রান্ত অফিস আদেশ, অংশগ্রহনকারীদের হাজিরা সংযুক্ত করতে হবে**]। অতঃপর আবেদনকারীদের দারিদ্র্য ও আর্থ-সামাজিক অবস্থা (PMT Score) যাচাইপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ের কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়েছে **(এফজিডি'র পর্যালোচনা প্রতিবেদন ও জেলা কমিটির সুপারিশের কপি সংযুক্ত করতে হবে)**।

**৪. ভেন্যু সুবিধা ও ব্যবহৃত প্রশিক্ষণ উপকরণ:** প্রশিক্ষণটি [ভেন্যুর নাম]-এ অনুষ্ঠিত হয়েছে। ভেন্যুতে পর্যাপ্ত আলো-বাতাস, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা ও প্রয়োজনীয় ব্যবহারিক উপকরণের সুবিধা ছিল। প্রশিক্ষণে ট্রেডভিত্তিক উপকরণ যেমন: [ব্যবহৃত উপকরণসমূহের নাম লিখতে হবে], মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং প্রশিক্ষণার্থীদের জন্য হ্যান্ড-আউট ব্যবহার করা হয়েছে **(উপকরণ নমুনা/তালিকা সংযুক্ত করতে হবে)**।

**৫. প্রশিক্ষণ পদ্ধতি:** প্রশিক্ষণে 'শিখিয়ে দেওয়া'র চেয়ে 'হাতে-কলমে শেখা'র ওপর অধিক গুরুত্বারোপ করা হয়েছে (২০% লেকচার ও ৮০% ব্যবহারিক)। প্রশিক্ষণের ১৩ ও ১৪তম দিনে প্রশিক্ষণার্থীদের দৃষ্টিভঙ্গি ও আচরণের ইতিবাচক পরিবর্তনের জন্য 'মনোসামাজিক কাউন্সেলিং' প্রদান করা হয়েছে এবং ১৫তম দিনে প্রশিক্ষণের সামগ্রিক শিখন পর্যালোচনা করা হয় **(প্রশিক্ষণ মডিউল ও সেশন প্ল্যান সংযুক্ত করতে হবে)।**

**৬. রিসোর্স পারসনদের প্রশিক্ষণ দক্ষতা:** প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ স্থানীয় প্রশিক্ষক নিয়োগ করা হয়। এছাড়া অর্থমন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসেবে অংশগ্রহণ করেন **[যদি**

**৬. রিসোর্স পারসনদের প্রশিক্ষণ দক্ষতা:** প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ স্থানীয় প্রশিক্ষক নিয়োগ করা হয়। এছাড়া অর্থমন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসেবে অংশগ্রহণ করেন **[যদি করে থাকে তবে লিখতে হবে]**। তারা অত্যন্ত দক্ষতার সাথে প্রশিক্ষণার্থীদের ট্রেড সংশ্লিষ্ট বিষয়ের সাথে পরিচয় করিয়েছেন এবং তাদের আত্মবিশ্বাস বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন **নাম ও যোগ্যতাসহ রিসোর্স পারসনের তালিকা সংযুক্ত করতে হবে)**।

**৭. প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন:** প্রশিক্ষণের শুরুতেই 'প্রাক-প্রশিক্ষণ মূল্যায়ন' এবং সমাপ্তিতে 'প্রশিক্ষণোত্তর মূল্যায়ন' সম্পন্ন করা হয়েছে। প্রতিটি প্রশিক্ষণার্থী তাদের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা হিসেবে একটি 'ইচ্ছা তালিকা' (Wish List) প্রস্তুত করেছে, যা তাদের স্বাবলম্বী হওয়ার রোডম্যাপ হিসেবে কাজ করবে। প্রশিক্ষণ শেষে সফল প্রশিক্ষণার্থীদের অনুকূলে ৫০,০০০/- টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে **(প্রশিক্ষণার্থীদের হাজিরা বিবরণী, প্রশিক্ষণ সম্মানীর কপি ও এককালীন অনুদান বিতরণের কপি সংযুক্ত)**।

**৮. স্থানীয় ও উর্ধ্বতন কর্তৃপক্ষের মন্তব্য:** জেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি এবং অর্থমন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাগণ **[যদি করে থাকে তবে নাম ও পদবীসহ লিখতে হবে]** প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন। তাদের মতে, এই ধরণের নিবিড় মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা অনগ্রসর জনগোষ্ঠীর সদস্যদের আত্মনির্ভরশীল হতে এবং সমাজের মূলধারায় সম্পৃক্ত হতে সহায়ক ভূমিকা পালন করবে **(মতামত সংযুক্ত করতে হবে)**।

**৯. উপসংহার:** প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে প্রশিক্ষণার্থীরা তাদের জীবনমান উন্নয়নে সক্ষম হবে বলে প্রতীয়মান হয়। প্রশিক্ষণের পরবর্তী ধাপে তাদের কার্যক্রম নিয়মিত **মনিটরিং ও ফলো-আপ** করা হবে এবং প্রাপ্ত প্রশিক্ষণ ও আর্থিক সহায়তার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ কী উদ্যোগ বাস্তবায়ন করলেন, তা মনিটরিংপূর্বক একটি প্রতিবেদন পরবর্তী ৩ (তিন) মাস পর মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে।

**বিঃ দ্রঃ** সকল কাগজপত্রের ফটোকপি প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে এবং মূল কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে।

কোর্স সমন্বয়ক

কোর্স পরিচালক

**উপপরিচালক**
জেলা সমাজসেবা কার্যালয়
[জেলার নাম]
ফোন: .....................
ইমেইল: .....................

২৭/৮/২০২৫

(মোছাঃ উম্মে হাবিবা আকতার)
সহকারী পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

২৭/৮/২৫
মোঃ শাহ জাহান
উপপরিচালক
সামাজিক নিরাপত্তা শাখা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা

শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

২৭/৮/২০২৫
মোঃ মোশাররফ হোসেন
পরিচালক
(সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা